



ডিন অফিস
বিজ্ঞান অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 58614919
PABX : 9661900-72/4344, 4345
Fax : 880-2-58614919
E-mail : deansc@du.ac.bd

নং বি: অনু: /২০১৯-২০২০

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি ক-ইউনিট ভর্তি: ২০১৯-২০২০

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ক-ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ ও ইনস্টিটিউটসমূহে ভর্তির জন্য অনুমতিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হলো। তালিকায় শিক্ষার্থীদের ভর্তির জন্য মনোনীত বিভাগ/ইনস্টিটিউট ও হলের নাম উল্লেখ রয়েছে।

ভর্তির জন্য অনুমতিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদেরকে নিম্নলিখিত কাগজপত্রসমূহ নিয়ে আগামী ১৯/১২/২০১৯ তারিখ হতে ভর্তির জন্য মনোনীত বিভাগ/ ইনস্টিটিউটে উপস্থিত হয়ে ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে জনতা ব্যাংক লিমিটেড, ঢাকা বিশ্ববিদ্যালয় (টি.এস.সি) শাখায় টাকা জমা দিয়ে নিজ দায়িত্বে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

- (ক) ডিন অফিস কর্তৃক Transcript Received সিলযুক্ত ক-ইউনিট ভর্তি পরীক্ষার প্রবেশপত্র
- (খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার Academic Transcripts- এর ফটোকপি (দুইটি)
- (গ) এইচ.এস.সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি (দুইটি)
- (ঘ) পাসপোর্ট সাইজের ছবি (৬ কপি)
- (ঙ) অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র যে কোন গেজেটেড অফিসার/ ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ কর্মরত প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত
- (চ) শিক্ষার্থীর সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক চারিত্রিক সনদ (Testimonial)

এ সময়সীমার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে তাদের ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাদির জন্য শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট ও হলের সাথে যোগাযোগ রাখতে হবে।

০৮/০১/২০২০ তারিখ বুধবার থেকে ক-ইউনিটভুক্ত বিভাগ/ইনস্টিটিউটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাশ শুরু হবে।

অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী
ডিন, বিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী
ক-ইউনিট ভর্তি: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ
ঢাকা বিশ্ববিদ্যালয়